

নাটোরে Buprenorphine যুক্ত CUPIGESIC ইনজেকশন সহ ০১(এক) জন গ্রেফতার



০৫/১০/২০১৭ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, নাটোরের একটি অভিযানকারী দল নাটোর সদর থানাধীন কোড়িয়া পাড়া (চাদপুর মোবাইল টাওয়ারের সামনে) এলাকায় চাঁপাইনবাবগঞ্জ হতে ঢাকা গামী হানিফ এন্টারপ্রাইজ বাসে তল্লাশী অভিযান পরিচালনা করেন। তল্লাশীকালে D-3 সিটে বসা যাত্রী মোঃ রাসেল(২৯), পিতা-মোঃ আঃ খালেক, সাং-উদয়নগর,

থানা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ এর দুই পায়ের মাঝে ডান হাতে ধরা স্কুল ব্যাগের ভিতর থেকে ২০০০(দুই হাজার) এ্যাম্পুল অপিয়াম উদ্ভূত Buprenorphine যুক্ত CUPIGESIC ইনজেকশন উদ্ধারসহ একজনকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারকৃত আসামী ও পলাতক আসামী মোঃ নজরুল ইসলাম(৩৬), পিতা-মৃত তোফজুল (ডাল), সাং-উদয়নগর, থানা-গোমস্তাপুর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নাটোর সদর থানায় মামলা নং-১৬ তাং-০৫/১০/২০১৭ দায়ের করা হয়েছে।